

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 01-01-2026**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার নজরুল কলাঞ্চেত্রে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সুবর্ণ জয়ন্তী বর্ষ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন।
- (২) আগামীকাল থেকে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ৪৪তম আগরতলা বইমেলা শুরু হচ্ছে।
- (৩) রাষ্ট্রপতি দ্বোপদী মুর্মু আজ বলেছেন যে ভারত দ্রুত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার দিকে এগিয়ে চলেছে।
- (৪) রেলমন্ত্রী অশ্বিনী বৈঞ্চো ঘোষণা করেছেন যে দেশের প্রথম বল্দে ভারত স্লিপার ট্রেন শীঘ্ৰই ওয়াহাটি এবং কলকাতার মধ্যে চলাচল করবে।

\*\*\*\*\*

**Governor-Greetings :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাম্বু ইংরেজি নববর্ষ উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, প্রতিহ্য, একতা, নতুন কিছু শুরুর আশায় ও লক্ষ্য নির্ধারণে সারা বিশ্বে দিনটি পালিত হয়। নতুন বছর শুরুর চেতনা মানুষকে সুন্দর ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যেতে উৎসাহিত করে। নতুন বছরে তিনি রাজ্যবাসীর সুখ, শান্তি, সমৃদ্ধি কামনা করেছেন।

\*\*\*\*\*

**TBSE-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার নজরুল কলাক্ষেত্রে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সুবর্ণ জয়ন্তী বর্ষ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, শিক্ষা শুধু পড়াশুনার মধ্যে সীমিত নয়। প্রকৃত জ্ঞান অর্জনই প্রকৃত শিক্ষা। মুখ্যমন্ত্রী বলেন, AI অর্থাৎ কৃত্রিম বুদ্ধিমত্তা শিক্ষাক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। তিনি ছাত্রছাত্রীদের AI-র সঠিক ব্যবহার করার পরামর্শ দেন। রাজ্যে বিদ্যালয় শিক্ষার পরিকাঠামো উন্নয়নের রাজ্য সরকারের গৃহিত পদক্ষেপ মুখ্যমন্ত্রী বিস্তারিত উল্লেখ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, বিবেকনগরস্থিত রামকৃষ্ণ মঠ ও মিশনের মহারাজ স্বামী ভক্তিসূধানন্দ মহারাজ, মাধ্যমিক শিক্ষা অধিকর্তা এন.সি শর্মা, ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ডঃ ধনঞ্জয় গণ চৌধুরী। অনুষ্ঠানে ২০২২ থেকে ২০২৫ সাল পর্যন্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ২৩ জন কৃতি ছাত্রীকে ইন্দিরা ভট্টাচার্য স্মৃতি পুরস্কার প্রদান করা হয়।

\* \* \* \* \*

### **Book Fair :**

আগামীকাল থেকে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ৪৪তম আগরতলা বইমেলা শুরু হচ্ছে। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। এবারের আগরতলা বইমেলার মূল ভাবনা হলোঁ: "বন্দেমাতরম'। বইমেলা উপলক্ষ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাধ্যমে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ১৩ দিনব্যাপী এই মেলার সমাপ্তি হবে আগামী ১৪ই জানুয়ারি।

\* \* \* \* \*

### **Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, বিদ্যুৎ পরিষেবায় ত্রিপুরা স্টেট লোড ডেসপ্যাচ সেন্টার আন্তর্জাতিক মানের সাইবার সিকিউরিটি সার্টিফিকেশন অর্জন করেছে। এই স্বীকৃতি রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থাকে সাইবার আক্রমণ থেকে সুরক্ষিত রাখতে এক গুরুত্বপূর্ণ সাফল্য। আজ আগরতলায় ত্রিপুরা

ରାଜ୍ୟ ବିଦ୍ୟୁଃ ନିଗମ ଲିମିଟେଡ୍ରେ ରେ ୨୨ତମ ପ୍ରତିଷ୍ଠା ଦିବସ ଉପଲକ୍ଷେ ଆୟୋଜିତ ଅନୁଷ୍ଠାନେ ତିନି ଏକଥା ବଲେନ। ତିନି ବଲେନ, ବିଦ୍ୟୁଃ ବ୍ୟବସ୍ଥାକେ ଆଧୁନିକ ଓ ଜନମୁଖୀ କରନ୍ତେ ଏକାଧିକ ସଂସ୍କାର କରା ହେଁଛେ। ଲୋଡ଼ଶେଡ଼ିଂ ଏଥିନ ଅନଳାଇନ ବ୍ୟବସ୍ଥାର ମାଧ୍ୟମେ ନିୟନ୍ତ୍ରିତ, ସ୍ମାର୍ଟ ମିଟାର ଓ ସ୍ଵଚ୍ଛ ବିଲିଂ ଚାଲୁ ହେଁଛେ। ଗ୍ରାହକରା ଘରେ ବସେଇ ବିଲ ପରିଶୋଧ କରନ୍ତେ ପାରଛେନ। ତିନି ବଲେନ, ଆଗରତଳା ପୁର ନିଗମ ଏଲାକାୟ ସମ୍ପୂର୍ଣ୍ଣଭାବେ ମାଟିର ନୀଚେ କେବଳ ସ୍ଥାପନେର ପରିକଳ୍ପନା ନେଓଯା ହେଁଛେ।

\*\*\*\*\*

### **Zero Fatality Month :**

ମୁଖ୍ୟମନ୍ତ୍ରୀ ଅଧ୍ୟାପକ ଡା: ମାନିକ ସାହ ଜାନିଯେଛେନ, ରାଜ୍ୟ ସରକାର ଏବଚରେର ଜାନ୍ୟାରୀ ମାସକେ ମୃତ୍ୟୁ-ଶୂନ୍ୟ ମାସ ହିସାବେ ପାଲନ କରାର ସିଦ୍ଧାନ୍ତ ନିୟିଛେ। ତିନି ଜାନାନ, ସୁପରିକଳ୍ପିତ ମମନ୍ତ୍ରିତ ଉଦ୍ୟୋଗ ଏବଂ ଜନସଚେତନତାର ମାଧ୍ୟମେ ସଢ଼କ ଦୁଷ୍ଟିନାର ହାର ଓ ପ୍ରାଣହାନି କମିଯେ ଆନା ସମ୍ଭବ। ଏଇ ଲକ୍ଷ୍ୟକେ ସାମନେ ରେଖେ ସଢ଼କ ନିରାପତ୍ତା ଜୋରଦାର କରନ୍ତେ ସୁରକ୍ଷା ଅଭିଯାନେର ଆୱତାୟ ଜାନ୍ୟାରୀ ୨୦୨୬ ମାସକେ "ମୃତ୍ୟୁ-ଶୂନ୍ୟ ମାସ (Zero Fatality Month)" ହିସାବେ ପାଲନ କରାର ସିଦ୍ଧାନ୍ତ ନେଓଯା ହେଁଛେ। ରାଜ୍ୟ ପରିବହଣ ଦପ୍ତରମହ ସଢ଼କ ନିରାପତ୍ତାର ସଙ୍ଗେ ଯୁକ୍ତ ଅନ୍ୟାନ୍ୟ ସଂନ୍ଧିଷ୍ଟ ଦପ୍ତର ମମନ୍ତ୍ରିତଭାବେ ଜନଗଣକେ ସଚେତନତାମହ ବିଭିନ୍ନ ଆଇନ ଓ କୌଶଲଗତ ବ୍ୟବସ୍ଥା ଗ୍ରହଣ କରେଛେ।

ମୁଖ୍ୟମନ୍ତ୍ରୀ ବଲେନ, ସଢ଼କ ଦୁଷ୍ଟିନା ରୋଧେ ସବଚେଯେ ବଡ଼ ପ୍ରୟୋଜନ ନାଗରିକଦେର ସଚେତନତା। ଏଇ ଅଞ୍ଚୀକାରେର ସଫଳ ବାସ୍ତବାୟନେ କେନ୍ଦ୍ରୀୟ ଓ ରାଜ୍ୟ ସରକାରେର ସମସ୍ତ ଦପ୍ତର, ସ୍ବାୟତ୍ତଶାସିତ ପ୍ରତିଷ୍ଠାନ, ସରକାରୀ ଓ ବେସରକାରୀ ଶିକ୍ଷା ପ୍ରତିଷ୍ଠାନ ଏବଂ ସ୍ଵେଚ୍ଛାସେବୀ ସଂଗ୍ରହନ୍ୟମୂହକେ ନାଗରିକ ଦାୟିତ୍ୱବୋଧ ନିୟେ ଅଂଶଗ୍ରହଣେର ଜନ୍ୟ ମୁଖ୍ୟମନ୍ତ୍ରୀ ଆହାନ ଜାନିଯେଛେନ।

\*\*\*\*\*

### **Rising Day-EIbert Ekka Brigade :**

ଆଗରତଳାୟ ଅୟାଲବାଟ୍ ଏକା ମେମୋରିୟାଲ ପାର୍କେ ଆଜ ଭାରତୀୟ ସେନା ବାହିନୀର ଅୟାଲବାଟ୍ ଏକା ବ୍ରିଗେଡ୍ରେ ରେ ୫୬ତମ ପ୍ରତିଷ୍ଠା ଦିବସ ଉଦୟାପନ କରା ହ୍ୟ। ସେଥାନେ

শহীদ বীরদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। উপস্থিত ছিলেন ভারতীয় সেনার মাউন্টেন ব্রিগেডের কমান্ডার ব্রিগেডিয়ার ধীরাজ সিং। তিনি এলবার্ট এক্স ব্রিগেডের ভূমিকার ভূয়শী প্রশংসা করেন। তিনি জাতীয় নিরাপত্তা, ত্রিপুরা সহ বিভিন্ন অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার ক্ষেত্রে ব্রিগেডের গুরুত্বপূর্ণ অবদানের কথা উল্লেখ করেন।

\* \* \* \* \*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# # # # # Sound Byte# # # # # #

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\* \* \* \* \*

### **President :**

রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু আজ বলেছেন যে ভারত দ্রুত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার দিকে এগিয়ে চলেছে এবং কৃতিম বুদ্ধিমত্তা ভারতীয় অর্থনীতির প্রবৃদ্ধির চালিকাশক্তি হিসেবে আবির্ভূত হচ্ছে। রাষ্ট্রপতি আজ রাষ্ট্রপতি ভবনে SOAR-Skilling for AI Readiness-এর অধীনে একটি বিশেষ অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় একথা বলেন। তিনি বলেন, AI কেবল একটি প্রযুক্তি নয় বরং ভারতে ইতিবাচক পরিবর্তনের একটি সুযোগ। আগামী দশকে AI দেশের GDP, কর্মসংস্থান এবং সামগ্রিক

উৎপাদনশীলতায় গ্রন্থপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি উল্লেখ করেন যে, ডেটা সায়েন্স, AI ইঞ্জিনিয়ারিং এবং ডেটা অ্যানালিটিক্সের মতো দক্ষতা দেশের AI প্রতিভা পুল বিকাশে গ্রন্থপূর্ণ ভূমিকা পালন করবে। অনুষ্ঠানে রাষ্ট্রপতি শিক্ষার্থী এবং সংসদ সদস্য সহ শিক্ষার্থীদের কৃত্রিম বুদ্ধিমত্তা সার্টিফিকেট প্রদান করেন এবং স্কিল দ্য নেশন চ্যালেঞ্জ নামে জাতীয় সচেতনতা অভিযানের সূচনা করেন। তিনি বলেন, এই চ্যালেঞ্জের উদ্দেশ্য হল কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং অর্থনৈতিক স্বনির্ভরতা বৃদ্ধি করা।

# # # # # Byte-President# # # # #

রাষ্ট্রপতি ভার্চুয়াল মাধ্যমে ওড়িশার রায়রংপুরে ইগনু আঞ্চলিক কেন্দ্র এবং দক্ষতা কেন্দ্রের উদ্বোধনও করেন। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

\* \* \* \* \*

### Vande Bharat :

রেলমন্ত্রী অশ্বিনী বৈঞ্চো ঘোষণা করেছেন যে দেশের প্রথম বল্দে ভারত স্লিপার ট্রেন শীঘ্ৰই গুয়াহাটি এবং কলকাতার মধ্যে চলাচল করবে। আজ নতুনদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে শ্রী বৈঞ্চো বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৫ থেকে ২০ দিনের মধ্যে এই ট্রেনটি উদ্বোধন করবেন।

তিনি বলেন, ইতিমধ্যে দেশীয় নক্সায় তৈরি বল্দে ভারত স্লিপার ট্রেনের চূড়ান্ত উচ্চ-গতির পরীক্ষা সম্পন্ন হয়েছে। তিনি বলেন, ১৬ কোচ বিশিষ্ট এই স্লিপার ট্রেনটি এক হাজার থেকে এক হাজার পাঁচশ কিলোমিটার পর্যন্ত দীর্ঘ দূরস্থের ভ্রমণের জন্য তৈরি করা হয়েছে। ট্রেনটি অত্যাধুনিক যাত্রী সুযোগ-সুবিধা দিয়ে সজ্জিত, যার মধ্যে রয়েছে আরামদায়ক স্লিপার বার্থ, স্বয়ংক্রিয় দরজা এবং আধুনিক শৌচাগার। স্লিপার ট্রেনের ভাড়া হবে থার্ড এসির খাবার সহ প্রায় দুই হাজার ৩০০ টাকা, সেকেন্ড এসির জন্য তিনি হাজার টাকা এবং ফার্স্ট এসির জন্য তিনি হাজার ৬০০ টাকা।

\*\*\*\*\*

### **Special Story-Indian Sports :**

২০২৫-কে ভারতীয় ক্রীড়া জগতের জন্য একটি যুগান্তকারী বছর বলাই যেতে পারে। ভারতীয় ক্রীড়াবিদ এবং যুগান্তকারী নীতিগুলো একত্রিত হয়ে একাধিক ঐতিহাসিক বিজয় এনে দেওয়ার বছরটি ভারতীয়তাকে বলিষ্ঠিতায় তুলে ধরেছে। ভারতের জনসংখ্যার প্রায় ৬৫ শতাংশের বয়স ৩৫ বছরের নিচে হওয়ায়, কেন্দ্রীয় সরকার খেলাধূলাকে যুব ক্ষমতায়ন এবং জাতীয় আকাঙ্ক্ষার ভিত্তি হিসেবে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করে ২০২৫-২৬ অর্থবছর এই অর্থবছরে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রক রেকর্ড ৩,৭৯৪ কোটি টাকা বরাদ্দ করেছে। নতুন ইংরেজি বছরের শুরুতে একটি প্রতিবেদন।

# #####VC#####

\*\*\*\*\*

### **CM-Nalchar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সোনামুড়া মহকুমার নলচড় দশমীঘাট মাঠে কথাসাহিত্যিক অন্বেষণ মল্ল বর্মনের ১১২তম জন্মজয়ন্তী উপলক্ষে তিনদিনব্যাপী উৎসব ও মেলার উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী অন্বেষণ মল্ল বর্মনের জীবন সংগ্রাম বিস্তারিত উল্লেখ করে বক্তব্য রাখেন। তাছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন, সিপাহীজলা জিলা পরিষদের সভাপতিনৈত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক পিনাকী দাস চৌধুরী প্রমুখ।

\*\*\*\*\*

### **BJP-Press Meet :**

সংসদ রাজীব ভট্টাচার্য আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে বলেছেন, রাজ্য সরকার হর ঘর নল প্রকল্পে ৪৪ হাজার ৮৬৫টি ঘরের মধ্যে ৩৮ হাজার ১৪টি ঘরে পানীয় জলের সংযোগ দিয়েছে। তিনি জনজাতিদের

উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপ বিস্তারিত উল্লেখ করেন। রাজ্যবাসীকে ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন সাংসদ শ্রী ভট্টাচার্য।

\* \* \* \* \*

### **PMBY :**

গর্ভবতী নারী ও মায়েদের জন্য সরকারের ক্ল্যাগশিপ স্কিম প্রধানমন্ত্রী মাত্র বন্দনা যোজনার আজ নয় বছর পূর্ণ হয়েছে। নারী ও শিশু উন্নয়ন মন্ত্রণালয় জানিয়েছে, এই প্রকল্পের আওতায় চার কোটি ৫০ লাখ সুবিধাভোগীকে তালিকাভুক্ত করা হয়েছে এবং প্রায় ১৯ হজার কোটি টাকা সুবিধাভোগীদের মধ্যে বিতরণ করা হয়েছে।

\* \* \* \* \*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ রাত থেকে আগামীকাল সকালে পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজেলা, গোমতী, ধলাই ও দক্ষিণ ত্রিপুরা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২০.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১০ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ১৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

\* \* \* \* \*